

রহমান রহীম আল্লাহ তাআলার নামে

- ০৯২-১ রাতের শপথ যখন তা (আঁধারে) ঢেকে যায়,
- ০৯২-২ দিনের শপথ যখন তা (আলোয়) উদ্ভাসিত হয়ে উঠলো,
- ০৯২-৩ পুরুষ ও নারী যা তিনি সৃষ্টি করেছেন (তার শপথ,)
- ০৯২-৪ অবশ্যই তোমাদের চেষ্টা-সাধনা (হবে) নানামুখী;
- ০৯২-৫ অতএব যে (আল্লাহর পথে) দান করেছে এবং আল্লাহকে ভয় করেছে,
- ০৯২-৬ ভালো কথাগুলো যে সত্য বলে মেনে নিয়েছে,
- ০৯২-৭ অবশ্যই আমি তার আরামের পথে চলা সহজ করে দেবো;
- ০৯২-৮ যে ব্যক্তি কার্পণ্য করেছে এবং বেপরোয়া ভাব দেখিয়েছে,
- ০৯২-৯ এবং যে ভালো কথা মিথ্যা প্রতিপন্ন করেছে,
- ০৯২-১০ অতএব আমি তার দুঃখ কষ্টের জন্যে (এ পথে) চলা সহজ করে দেবো,
- ০৯২-১১ তার (রাশি রাশি) ধনসম্পদ তার কাছে লাগবে না যখন তার পতন হবে,
- ০৯২-১২ অবশ্যই (মানুষকে) সঠিক পথ প্রদর্শন করার দায়িত্ব আমার ওপর,
- ০৯২-১৩ দুনিয়া আখেরাতের (নিরঙ্কুশ মালিকানা) আমারই জন্যে।
- ০৯২-১৪ অতএব আমি তোমাদের জলন্ত অগ্নিকুন্ডের ব্যাপারে সাবধান করছি,

- ০৯২-১৫ নির্যাত পাপী ছাড়া অন্য কেউই সেখানে প্রবেশ করবে না,
- ০৯২-১৬ যে (পাপী এ দিনকে) মিথ্যা প্রতিপন্ন করেছে এবং (হেদায়াত থেকে) মুখ ফিরিয়ে নিয়েছে:
- ০৯২-১৭ যে (আল্লাহকে) বেশী বেশী ভয় করে তাকে আমি (এ থেকে) বাঁচিয়ে দেবো,
- ০৯২-১৮ যে ব্যক্তি নিজেকে পরিস্ফুট করার জন্যে (আল্লাহর পথে অর্থ সম্পদ) ব্যয় করেছে,
- ০৯২-১৯ (অথচ) তোমাদের কারোই তার কাছে এমন কিছু ছিলো না, (যার জন্যে) তোমাদের কোনো রকম প্রতিদান দেয়া হবে,
- ০৯২-২০ (হাঁ, পাওনা) এটুকুই, সে স্তম্ভু তার মহান মালিকের সন্তুষ্টিই কামনা করেছে,
- ০৯২-২১ (এ কারণে) অচিরেই তার মালিক (তার ওপর) সন্তুষ্ট হবেন।

Bengali Translation By : Hafiz Munir Uddin Ahmed
Al Quran Academi London

*Published as Portable Document Format by : Mohammad Noor-e-Alam Siddiquee
More Free Islamic Stuff at www.siddiquee.co.nr*